



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা




Web : [ttc.khulna.gov.bd](http://ttc.khulna.gov.bd), E-mail : [ttckhul@yahoo.com](mailto:ttckhul@yahoo.com)

স্মারক নং-টিটিকলেজ/খুলনা/ ২৯৮

তারিখ : ৩১/১০/২০২৩ খ্রি.

বিষয়: সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা'র বৈদ্যুতিক সাব-স্টেশন নির্মাণের হালনাগাদ বাজার মূল্যে সরঞ্জামাদি ক্রয় এবং অনুযায়িক নির্মাণ খরচের প্রাক্কলিত চাহিদা প্রস্তাব পুন: প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা'র বৈদ্যুতিক সাব-স্টেশন নির্মাণের জন্য শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা, বাংলাদেশ থেকে ২০২০-২০২১ অর্থবছরে ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা বরাদ্দ দেয়া হয়েছিল। ২০২১-২০২২ অর্থ বছরে উল্লেখিত বরাদ্দের বিপরীতে টেন্ডার ইস্টিমেট অনুমোদন করার জন্য আপনার দপ্তর শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকায় প্রস্তাব প্রেরণ করা হয়। কিন্তু বর্ণিত টেন্ডার ইস্টিমেট অনুমোদিত না হওয়ায় নিম্নস্বাক্ষরকারী বিগত অক্টোবর, ২০২৩ খ্রি. তারিখে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকার নির্বাহী প্রকৌশলী জনাব মো: ফাহিম ইকবাল এর সাথে তাঁর অফিস কক্ষে সাক্ষাৎ করলে তিনি বর্তমান বাজার দরের সাপেক্ষে ইস্টিমেট করে অতিসত্ত্বর নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, খুলনা জোনের মাধ্যমে বর্ধিত বরাদ্দের চাহিদাসহ পুন: প্রস্তাব প্রেরণ করার অনুরোধ করেন। বর্ণিতাবস্থায়, অত্র কলেজের বৈদ্যুতিক সেবা সুষ্ঠুভাবে পরিচালন ও সচল রাখার স্বার্থে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে আপনার ব্যক্তিগত সহযোগিতা ও হস্তক্ষেপ কামনা করছি।


  
৩১/১০/২৩  
(প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম)  
অধ্যক্ষ  
আইডি নং-৮২২৫  
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।  
মোবাইল- ০১৩২১২৩১৮৬৫

প্রাপক :  
নির্বাহী প্রকৌশলী  
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর  
খুলনা জোন, খুলনা।

স্মারক নং : টিটিকলেজ, খুলনা/২৯৮(৬) তারিখ : ৩১/১০/২০২৩ খ্রি.

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জেষ্ঠতা ক্রমানুসারে নয়):**

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ২। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৩। পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষাভবন, ঢাকা
- ৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৫। জনাব মো: ফাহিম ইকবাল, নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ৬। অফিস নথি।

  
৩১/১০/২৩  
(প্রফেসর ড. শেখ মো: রেজাউল করিম)  
অধ্যক্ষ  
আইডি নং-৮২২৫  
সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, খুলনা।  
মোবাইল- ০১৩২১২৩১৮৬৫

